গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২৭৩

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭
২৮ মার্চ ২০২১

বিষয়: **MV. STAR DORADO জাহাজের গম দ্রুত খালাসের লক্ষ্যে ঠিকাদারি প্রতিষ্ঠান পরিবর্তনের অনুমোদন প্রদান**

সূত্র: ১। চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ২৫/০৩/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২৭২ নং স্মারক
২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ২৭/০৩/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.৪০২.৫০.০০১.১৮.১১৪১ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, MV. STAR DORADO জাহাজ হতে ০৮ জন মেজর ক্যারিয়ার (চট্টগ্রাম) ঠিকাদারের মাধ্যমে ১২৮০০ মে.টন ঢালা গম নারায়ণগঞ্জ সাইলোতে পরিবহণের চলাচল উপসূচি সূত্রস্থ ১ নং স্মারকে জারি করা হয়। সূত্রস্থ ২ নং স্মারকের পত্রে উল্লেখ করা হয়েছে, উক্ত সূচিতে মেসার্স কাজী সাহিদুর রহমান এবং মেসার্স ফয়সাল নেভিগেশন এর বে ক্রসিং সার্টিফিকেট হালনাগাদ না থাকায় তাদের অনুকূলে উপসূচি জারি করা সম্ভব হচ্ছে না। উল্লিখিত জাহাজ দুটির অনুকূলে ২২২৭ মে.টন ঢালা গম পরিবহণের জন্য সূত্রস্থ ২ নং স্মারকে নিম্নোক্তভাবে প্রস্তাব করা হয়েছে:

| ক্র.নং | ঠিকাদারের নাম | লাইটার জাহাজের নাম | ধারণ ক্ষমতা | সূচির পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | মেসার্স এস.টি ট্রেডিং ইন্টারন্যাশনাল | এমভি. মাষ্টার কনক-৫ | ১৬২৭.০০০ | ১২২৭.০০০ |
| ২. | মেসার্স এস.টি ট্রেডিং ইন্টারন্যাশনাল | এমভি. সমতা এসটিএ-৩ | ১০৬৯.০০০ | ১০০০.০০০ |
| | | মোট = | ২৬৯৬.০০০ | ২২২৭.০০০ |

এমতাবস্থায়, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাবমতে জি টু জি-০৬ এর অধীনে MV. STAR DORADO জাহাজের গম দ্রুত খালাসের স্বার্থে ২৫/০৩/২০২১ খ্রি. তারিখের MoU চুক্তি অনুযায়ী সূত্রস্থ ১ নং স্মারকে জারিকৃত মেসার্স কাজী সাহিদুর রহমান ও মেসার্স ফয়সাল নেভিগেশন ঠিকাদারি প্রতিষ্ঠানের পরিবর্তে মেসার্স এস. টি ট্রেডিং ইন্টারন্যাশনাল ঠিকাদারি প্রতিষ্ঠানের এম.ভি মাষ্টার কনক-৫ এ ১২২৭ মে.টন ও এম.ভি সমতা এসটিএ-৩ এ ১০০০ মে.টনসহ মোট ২২২৭ মে.টন ঢালা গম নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালনের শর্তে পরিবহনের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

**নির্দেশনাবলি:**

১। মূল সূচির নির্দেশনাবলি এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২। জাহাজ/কোষ্টারের ঢালা গম পরিবহণের উপর্যুক্ততা সার্ভে সার্টিফিকেট, বেক্রসিং সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট

সার্টিফিকেট মূল/সত্যায়িত কপি ও অন্যান্য তথ্যাদি অবলোকন/যাচাইপূর্বক চুক্তির শর্তাবলী ও অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করে জাহাজের ধারণক্ষমতাকে আমলে এনে ঢালা গম বোঝাইয়ের পর ভয়েস যাত্রার পূর্বে ভারসাম্য রক্ষার ব্যবস্থা নিতে হবে।

৩। সাধারণ বীমা কর্পোরেশন হতে বোঝাইকৃত পণ্যের বীমা খাদ্য বিভাগের অনুকূলে গ্রহণপূর্বক চসনি, চট্টগ্রাম গম পরিবহণ করবেন। বোঝাই অবস্থায় জাহাজের ফ্রি বোর্ড (Free Board) নিরাপদ মাপে রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪। ঠিকাদার কর্তৃক পণ্যের নিরাপত্তা জামানত অনুযায়ী জাহাজ বোঝাই করতে হবে। পরিবহণ সংক্রান্ত অন্যান্য নির্দেশনাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫। মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম রুটে জারিকৃত ঠিকাদারদের লাইটেনিং এর কার্যক্রম চসনি, চট্টগ্রাম কর্তৃক সম্পন্ন হবে। লাইটারসমূহের ধারণক্ষমতা বিবেচনা করে চসনি, চট্টগ্রাম ঠিকাদারদের অনুকূলে বরাদ্দকৃত গম হতে প্রয়োজনে কম/বেশি করে পরিবহণের সূচিকৃত সমুদয় গম পরিবহণের ব্যবস্থা নিবেন।

৬। এই সূচির মেয়াদ আগামী ৩১/০৩/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে এবং চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা পালন করতে হবে।

৭। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



২৮-৩-২০২১
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২৭৩/১(১১)

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭ / ২৮ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা

৯) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো

১০) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো

১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ, ঢাকা

২৮-৩-২০২১

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক